

📖 সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৫৭২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৫. সালাতের জন্য দৌড়ানো

باب السَّعْيِ إِلَى الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا عَنبَسَةُ، أَخْبَرَنِي يُونُسُ، عَنْ ابْنِ شِهَابٍ، أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ، وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ " إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ فَلَا تَأْتُوهَا تَسْعَوْنَ وَأَتُوهَا تَمْشُونَ وَعَلَيْكُمْ السَّكِينَةُ فَمَا أَدْرَكْتُمْ فَصَلُّوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا " .

– حسن صحيح : ق

قَالَ أَبُو دَاوُدَ كَذَا قَالَ الزُّهْرِيُّ وَابْنُ أَبِي ذِئْبٍ وَإِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ وَمَعْمَرٌ وَشُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنِ الزُّهْرِيِّ " وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا "

বাংলা

৫৭২। আবু হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ সালাতের ইকামাত(ইকামত/একামত) দেয়া হলে তোমরা সালাতের জন্য দৌড়ে আসবে না, বরং স্বাভাবিক গতিতে শান্তভাবে হেঁটে আসবে এবং (ইমামের সাথে) যতটুকু সালাত পাবে আদায় করে নেবে। আর যেটুকু ছুটে গেছে তা পূর্ণ করে নিবে।[1]

হাসান সহীহ : বুখারী ও মুসলিম।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, যুবাইদী, ইবনু আবু যি'ব, ইব্রাহীম ইবনু সা'দ, মা'মার, ও শু'আয়ব ইবনু হামযাহ প্রমুখ যুহরী সূত্রে বর্ণনা করেছেনঃ "সালাতের যেটুকু ছুটে যাবে তোমরা তা পূর্ণ করে নেবে"।

وَقَالَ ابْنُ عُيَيْنَةَ عَنِ الزُّهْرِيِّ وَحْدَهُ " فَاقْضُوا " .

— شاذ .

وَقَالَ مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَجَعْفَرُ بْنُ رَبِيعَةَ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ "فَأْتَمُّوا".
وَابْنُ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو قَتَادَةَ وَأَنَسٌ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كُلُّهُمْ قَالُوا "فَأْتَمُّوا".

যুহরী সূত্রে কেবল ইবনু 'উয়ায়নাহ বর্ণনা করেছেন যে, "তোমরা আদায় করে নিবে"।

শায।

হাদীসটি আবু হুরাইরাহ, ইবনু মাস'উদ, ক্বাতাদাহ, আনাস (রাযিআল্লাহ 'আনহুম) প্রমুখ সাহাবায়ি কিরামগণ হতেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণিত হয়েছে। তাঁরা প্রত্যেকেই বলেছেনঃ "তোমরা তা পূর্ণ করে নেবে।"

English

Abu Hurairah said:

I heard the Messenger of Allah(may peace be upon him) say: When the iqamah is pronounced for prayer, do not come to it running, but come walking(slowly). You should observe tranquility. The part of the prayer you get(along with the imam) offer it, and the part you miss complete it(afterwards).

Abu Dawud said: The version narrated by al-Zubaidi, Ibn Abi Dhi'b, Ibrahim b. Sa'd, Ma'mar, Shu'aib b. Abi Hamzah on the authority of al-Zuhri has the words: "the part you miss then complete it". Ibn 'Uyainah alone narrated from al-Zuhri the words "then offer it afterwards". And Muhammad b. 'Amr narrated from Abu Salamah on the authority of Abu Hurairah, and Ja'far b. Rabi'ah narrated from al-A'raj on the authority of Abu Hurairah the words "then complete it". And Ibn Mas'ud narrated from the Prophet(ﷺ) and Abu Qatadah and Anas reported from the Prophet(may peace be upon him) the words" then complete it".

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ সালাতের জন্য দৌড়ে আসবে না, বরং শান্তি ও দৃঢ়তার সাথে আসবে, হাঃ ৬৩৬), মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ), যুহরী সূত্রে।

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57890>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন